দৈনিক ইত্তেফাক

FEB 21 1999
তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

রাজশাহীতে সংবাদপত্র বিষয়ক আলোচনা

# পাঠক সংখ্যা বৃদ্ধির জন্য সাক্ষরতার হার একটি অপরিহার্য শর্ত

বাসস ঃ দেশে সংবাদপত্রের পাঠক সংখ্যা বৃদ্ধি বহুলাংশে নির্ভর করে সাক্ষরতার হারের উপর। অপরদিকে কোন বিশেষ পত্রিকার প্রচার সংখ্যা বৃদ্ধি নির্ভর করে এমন ধরনের পাঠক শ্রেণীর উপর যাদেরকে তার সহযোগী প্রকাশনার কোন কিছুর বিনিময়ে আকৃষ্ট করা সম্ভব, অবশ্য তা একই ভাষায়। বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন, ভাষা, শব্দচয়ন ও উপস্থাপন শৈলী এবং সর্বোপরি সুপরিকল্পিত ও সুবিন্যস্ত পৃষ্ঠাসজ্জা একটি সংবাদপত্রের প্রচারসংখ্যা ক্রমবৃদ্ধিতে সমানভাবে ভূমিকা পালন করে। রুচিশীল প্রকাশনার জন্য অবশ্যই মেধা ও দক্ষতার প্রয়োজন।

উচ্ছ্বল, প্রাণবন্ত অথবা বিষাদময় শৈলীতে সত্যের পরিবেশন, রচনার ভাবশৈলী, শব্দচয়ন এবং নান্দনিক উপস্থাপনা এসবই সাহিত্যে সত্য ও সৌন্দর্য হিসেবে বিবেচিত, পাশাপাশি সুবিন্যস্ত লে-আউট এবং মেকআপ এসব যেন কবিতা, গান, চিত্রকলা ও ভাস্কর্য শিল্পকলার চার অঙ্গের মতোই। এভাবেই সংবাদপত্রের বস্তুনিষ্ঠতার বিন্যাস ঘটে। এসব উপাদানের সম্মিলন ঘটিয়েই এক টুকরো কাগজ একটি ভাল সংবাদপত্রে পরিণত হয়। মোটামুটিভাবে সাংবাদিকতার কলা ও বিজ্ঞানের সম্মিলিত প্রয়াসে ধারাবাহিক কর্মের ফলশ্রুতিই একটি সংবাদপত্র।

বাংলাদেশ সংবাদ সংস্থা (বিএসএস)'র পরিচালনা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আরেফিন সিদ্দিক গত সোমবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এক আলোচনা সভায় সংবাদপত্র সম্পর্কে বক্তৃতাকালে এ কথা বলেন। বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষকবৃন্দ, বিভিন্ন জাতীয় দৈনিকের স্থানীয় প্রতিনিধিবৃন্দ এবং রাজশাহী প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুর রহমানসহ অন্যান্য কর্মকর্তা আলোচনা সভায় উপস্থিত ছিলেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান মিসেস এইচ. ফেরদৌসী অধ্যাপক আরেফিন সিদ্দিকের মন্তব্য সম্পর্কে তার অভিমত ব্যক্ত করে বলেন, পাঠকের সংখ্যা বৃদ্ধির জন্য সাক্ষরতার হার একটি অপরিহার্য শর্ত। তবে অর্থনৈতিক অবস্থাও নিঃসন্দেহে আরেকটি প্রধান কারণ বলে তিনি উল্লেখ করেন।